

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
প্রধান কার্যালয়
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯
পবিস মানব সম্পদ পরিদপ্তর
www.reb.gov.bd

নম্বর: ২৭.১২.০০০০.১১০.৫৯.০০১.২১.২৭৪৮

তারিখ: ২৯ কার্তিক ১৪২৮
১৪ নভেম্বর ২০২১

প্রাপক:

জেনারেল ম্যানেজার

জেনারেল ম্যানেজার এর কার্যালয়

মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি

বিষয়: মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতির এজিএম (অর্থ) জনাব নিতাই দাস এর বহিঃ বাংলাদেশ ছুটি অনুমোদন প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং-২৭.১২.৫৫৫৭.৫৫১.০২.০০২.২১.৩৭৫৭, তারিখঃ ২৪/১০/২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাগুরা পবিস এর এজিএম (অর্থ) জনাব নিতাই দাস-কে তার কন্যার চিকিৎসার উদ্দেশ্যে ভারত (বহিঃ বাংলাদেশ) গমনের লক্ষ্যে আগামী ১৫/১১/২০২১ খ্রিঃ হতে ০৯/১২/২০২১ খ্রিঃ পর্যন্ত ২৫ দিন অথবা যাত্রা শুরুর তারিখ হতে ২৫ দিন বহিঃ বাংলাদেশ (অর্জিত) ছুটি নিম্নবর্ণিত শর্তে মঞ্জুর করা হলোঃ

- ১) এতে দেশীয় অথবা বৈদেশিক মুদ্রায় বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের/পল্লী বিদ্যুৎ সমিতির কোন আর্থিক সংশ্লিষ্টতা থাকবে না;
- ২) তিনি বাংলাদেশী মুদ্রায় উক্ত ছুটিকালীন সময়ের বেতন ও ভাতাদি গ্রহণ করবেন;
- ৩) নির্ধারিত ছুটি কোন ক্রমেই বর্ধিত করা হবে না। তিনি ছুটি শেষে যথাসময়ে কাজে যোগদান করবেন;
- ৪) বিদেশ হতে প্রত্যাবর্তনের পর কর্মস্থলে যোগদান করে যোগদানের কপি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র পরিদপ্তরে প্রেরণ করতে হবে;
- ৫) বাংলাদেশ ও ভারত সরকার কর্তৃক জারিকৃত স্বাস্থ্যবিধি যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

উল্লেখ্য, ছুটিকালীন বর্ণিত কর্মকর্তা ভেলোর, চেন্নাই এ অবস্থান করবেন।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে।


ঢালী ইউসুফ আহমেদ
পরিচালক (প্রশাসন)

নম্বর: ২৭.১২.০০০০.১১০.৫৯.০০১.২১.২৭৪৮/১(৭)

তারিখ: ২৯ কার্তিক ১৪২৮
১৪ নভেম্বর ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ২) পরিচালক (প্রশাসন), পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ৩) পরিচালক (অর্থ), পবিস নিরীক্ষা পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ৪) একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ৫) একান্ত সচিব, সদস্য (সমিতি ব্যবস্থাপনা) এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ৬) ভিসা অফিসার, ভারতীয় দূতাবাস, ঢাকা।
- ৭) ইমিগ্রেশন অফিসার, সংশ্লিষ্ট অফিসার, সংশ্লিষ্ট বিমানবন্দর/স্থল বন্দর ঢাকা।



১৪-১১-২০২১

মোঃ নিয়াজ ভূইয়া

সহকারী পরিচালক (প্রশাসন)-২